# জনগণের ম্যান্ডেট ছাড়া কর্মসূচি গণতন্ত্রের পথে বাধা: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, জনগণের ম্যান্ডেট উপেক্ষা করে রাজপথে কর্মসূচি গ্রহণ গণতন্ত্রকে বাধাগ্রস্ত করবে। তিনি অভ্যুত্থান-পরবর্তী সময়ে দ্রুত নির্বাচনের আহ্বান জানিয়ে সতর্ক করেন, দেরি হলে দেশে বিভক্তি ও সংঘাত বাড়তে পারে। একইসাথে তিনি প্রতিবন্ধীদের ক্ষমতায়ন, আর্থিক ও মানবিক বিনিয়োগ এবং উন্নয়নকেন্দ্রিক রাজনীতির প্রতি বিএনপির অঙ্গীকারের কথা তুলে ধরেন।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, জনগণের ম্যান্ডেট ছাড়া রাজপথে কর্মসূচি গ্রহণ গণতন্ত্রকে গুরুতরভাবে বাধাগ্রস্ত করবে। সোমবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর দক্ষিণখানে এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, “গণতন্ত্র ফিরিয়ে আনতে যত বিলম্ব হবে, দেশ তত সংকটে পড়বে। রাজপথের আন্দোলন শেষ হয়েছে, এখন সময় জনগণের মালিকানা ফিরিয়ে দেওয়ার। অভ্যুত্থান-পরবর্তী সময়ে দ্রুত নির্বাচন না হলে বিভক্তি ও গৃহযুদ্ধের ঝুঁকি বাড়তে পারে।”

প্রতিবন্ধীদের ক্ষমতায়ন প্রসঙ্গে আমীর খসরু জানান, বিএনপি তাদের স্বক্ষমতা বাড়ানো ও মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে কাজ করবে। “প্রতিবন্ধীদের জন্য দান-অনুদান নয়, রাষ্ট্রের দায়িত্ব হিসেবে আর্থিক, নৈতিক ও মানবিক বিনিয়োগ নিশ্চিত করতে হবে,” বলেন তিনি।

তিনি আরও যোগ করেন, বিএনপি উন্নয়ন ও উৎপাদনভিত্তিক রাজনীতিতে বিশ্বাস করে। নাগরিককে সক্ষম করাই তাদের রাজনৈতিক লক্ষ্য—এটাই হবে ভবিষ্যতের কর্মপন্থা।

LENS ASIA